

১২৫৩  
২৬/৭/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রশাসন - ১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
ওয়েবসাইটঃ [www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৪.২০১২(অংশ)-

তারিখঃ ০১/০৭/২০১৪ খ্রিস্টাব্দ  
১৭/০৩/১৪২১ বঙ্গাব্দ

## পরিপত্র

বিষয়ঃ জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের জন্য স্বাস্থ্যকর্মী ও পরিবার কল্যাণকর্মীদের সহযোগিতা প্রসঙ্গে।

বাংলাদেশের জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এ শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের বিধান রয়েছে। আইনের ৯(১)(ঘ) ধারা অনুসারে কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধনের জন্য নিবন্ধকের নিকট তথ্য প্রেরণ করতে ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন অথবা ক্যান্টনমেন্ট এলাকায় স্বাস্থ্যকর্মী ও পরিবার কল্যাণকর্মীগণ দায়িত্বপ্রাপ্ত।

আন্তর্জাতিকভাবে এখন শিশুর সঠিক জন্ম তারিখ লিপিবদ্ধ করার ব্যাপারে তাগিদ সৃষ্টি হয়েছে। ইপিআই কর্মীগণ কর্তৃক নিম্নবর্ণিত শর্তসমূহের আলোকে জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনে সহায়তা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলঃ

১. শিশুর ইপিআই কার্ডে ও ইপিআই রেজিস্টারে শিশুর জন্ম নিবন্ধন নম্বর লিখা বাধ্যতামূলক করতে হবে;
  ২. শিশুর প্রথম ডোজ টিকার দিনে জন্ম নিবন্ধন সনদ না থাকলে অনলাইনে বা হাতে লিখে ইপিআইকর্মীগণ শিশুর জন্ম নিবন্ধন আবেদনপত্র তৈরিতে সহায়তা করবে;
  ৩. ২য় ডোজের দিনেও শিশুর জন্ম নিবন্ধন সনদ না থাকলে বিষয়টি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন অথবা ক্যান্টনমেন্ট এলাকায় জন্ম নিবন্ধককে অবহিত করবেন;
  ৪. ইপিআই কর্মসূচি পূর্ণাঙ্গভাবে সফটওয়্যারভিত্তিক হলে জন্ম নিবন্ধন সফটওয়্যারের সাথে এপিআই সংযোগের মাধ্যমে ইপিআই কর্মসূচি খুব সহজেই শিশুর ব্যক্তিগত তথ্য ইপিআই জন্ম নিবন্ধন সফটওয়্যার হতে সংগ্রহ করবে।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হল।

স্বাঃ

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৯৮৫  
[sasadmin1@mohfw.gov.bd](mailto:sasadmin1@mohfw.gov.bd)

নং- ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৪.২০১২(অংশ)- ১০ ২১/১(৭)

তারিখঃ ০১/০৭/২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

স্বাঃ

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব

১৬২